**বিএভিএস**
প্রশাসকের কার্যালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭/৫/১, মেইন রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬।
**www.bavs.gov.bd**

স্মারক নং বিএভিএস/প্রশাসন/২০২৪-২০২৫/৪১ (১) তারিখ ঃ ২১ ফাল্গুন ১৪৩১ বাংলা
০৬ মার্চ ২০২৫ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ মজিবুর রহমান, পিআরও, বিএভিএস মেটারনিটি হাসপাতালে কর্মরত আছেন। আপনার বিরুদ্ধে নিম্নলিখিত অভিযোগসমূহ উত্থাপিত হয়েছে:

১। আপনি জনাব মোঃ মজিবুর রহমান, পিআরও, গত ৩১/১২/২০২৪ খ্রি: তারিখ হতে ১৮/০২/২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত সাত (০৭) জন রিসিপসনিস্টদের কাছ থেকে গ্রহণকৃত মেটারনিটি হাসপাতালের দৈনদিন আয় জ্ঞাত ৪৩,৯৮,৬৭৪/- (তেতাল্লিশ লক্ষ আটানব্বই হাজার ছয়শত চুয়াত্তর) টাকা জনতা ব্যাংকের নির্ধারিত হিসাবে জমা প্রদান করেননি।

২। যেহেতু দৈনদিন আয়ের অর্জিত অর্থ পরের কর্মদিবসেই জমা দানের বিধান রয়েছে এবং আপনি ছুটি ছাড়া অফিসে অনুপস্থিত ছিলেন এবং টাকা জমা না করার বিষয়ে কোন প্রশাসককেই অবহিত করেননি।

৩। আপনাকে টাকা জমা প্রদান করার জন্য ০৪/০৩/২০২৫ খ্রি: তারিখে পত্র প্রদান করা হয়।

৪। আপনি নিয়মের ব্যত্যয় করে বর্ণিত অর্থ আত্মসাৎ/তসরুপের উদ্দেশ্যে দলগতভাবে পরিকল্পনা করেছেন।

৫। গত ০৬/০৩/২০২৫ খ্রি: তারিখে আপনার কক্ষে (বিএভিএস মেটারনিটি হাসপাতাল ১১৩নং কক্ষ) বিপুল পরিমাণ অর্থসহ (গননায় ৩২ লক্ষ টাকা) হাতেনাতে ধরা হয় এবং টাকা জমা না দেয়ার কারণ সম্পর্কে সদুত্তর দিতে পারেননি।

৬। আপনার কর্তৃক গ্রহনকৃত মোট ৪৩,৯৮,৬৭৪/- টাকার উদ্ধারকৃত ৩২ লক্ষ টাকা ছাড়া অবশিষ্ট জ্ঞাত/হিসাবকৃত ৪৩,৯৮,৬৭৪-৩২,০০,০০০) = ১১,৯৮,৬৭৪/- (এগার লক্ষ আটানব্বই হাজার ছয়শত চুয়াত্তর) টাকার হদিস/সন্ধান দিতে পারেননি। কিংবা উক্ত টাকা কি করেছেন তার কোন সদুত্তর দিতে পারেননি।

আপনার এহেন দপ্তর ও জনস্বার্থ বিরোধী, সরকারি বিধিবিধান পরিপন্থী কার্যকলাপ এর কারণে আপনাকে কেন বিএভিএস, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের কর্ম হতে স্থায়ীভাবে বরখাস্ত করা হবেনা, তা ১০/০৩/২০২৫ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা লিখিত জবাবে উল্লেখ করতে বলা হলো।

০৬.০৩.২৫
মাজহারুল ইসলাম
প্রশাসক (উপসচিব), বিএভিএস
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

মোঃ মজিবুর রহমান
পি.আর.ও
বিএভিএস মেটারনিটি হাসপাতাল, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। ডিস্ট্রিক্ট ম্যানেজার এবং ইনচার্জ, বিএভিএস মেটারনিটি হাসপাতাল, ঢাকা।
৫। সকল কর্মকর্তা/কর্মচারী, বিএভিএস প্রধান কার্যালয় ও সকল শাখা/ক্লিনিক সমূহ।
৬। অফিস কপি।

Office Order